

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

মামলা নং- ০৯/২০২০

অভিযোগকারী : জনাব সঞ্জয় কুমার ঘোষ, হেড অফ সাপ্লাই চেইন, বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস্ লিমিটেড (বিএসআরএম গ্রুপ অব কোম্পানীজ), আলী ম্যানশন, ১২০৭/১০৯৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।

বনাম

প্রতিপক্ষ : চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, এসবিসি টাওয়ার (৮ম ফ্লোর), ৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা।

চূড়ান্ত আদেশের তারিখ : ২৯-১১-২০২১ খ্রিঃ

কমিশন : ১। জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
২। জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৩। জনাব মোঃ আব্দুর রউফ, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৪। ড. এ এফ এম মনজুর কাদির, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৫। জনাব নাসরিন বেগম, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

বর্ণিত প্রেক্ষাপট, সার্বিক পরিস্থিতি এবং আইনের বিধানাবলী বিশ্লেষণে কমিশন নিম্নরূপ চূড়ান্ত আদেশ প্রদান করেন:

“১। বিবেচ্য মামলাটি বর্তমান আকারে ও প্রকারে চলতে পারে বিধায় মামলাটি দোতরফাসূত্রে, ২নং আদেশে উল্লিখিত পরামর্শসাপেক্ষে, আংশিকভাবে মঞ্জুর করা হলো।

২। প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ৮ এর উপ-ধারা (১) এর দফা (ক) এবং (ঙ) এর বিধানসহ উক্ত আইনের মুখবন্ধে উল্লিখিত বিষয়াবলী প্রতিপালনের উদ্দেশ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন নৌ বীমা সংক্রান্ত বিষয় আমলে নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে নিম্নরূপ পরামর্শ প্রদান করেন:

(ক) নৌ বীমার বিদ্যমান নির্ধারিত হার সম্পূর্ণ প্রতিযোগিতাপূর্ণ নয় বলে বিবেচিত হয়;

নৌ বীমার হার প্রতিযোগিতাপূর্ণ করার লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) এবং সেন্ট্রাল রেটিং কমিটি (CRC) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

(খ) বীমা বাজারকে প্রতিযোগিতামূলক করার প্রয়োজনে সকলের জন্য সমান সুযোগ থাকা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে কোন কোম্পানির বরাবরে বিশেষ রেট (Special Rate) ধার্য করা এবং বীমা ব্যবসা পরিচালনার ক্ষেত্রে কমিশন দেয়া ও নেয়ার চলমান প্রথার বিষয়ে বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সেন্ট্রাল রেটিং কমিটি প্রবিধানমালা, ২০১২ এর বিধানাবলী বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) এবং সেন্ট্রাল রেটিং কমিটি (CRC) কর্তৃক যথাযথভাবে অনুসরণ করা প্রয়োজন;

এ ব্যাপারে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

আদেশের সত্যায়িত ফটোকপি সদয় অবলোকনের জন্য বাণিজ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনীয় কার্যার্থে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবরে কমিশনের সচিবের মাধ্যমে প্রেরণের ব্যবস্থা নেয়া হোক।”

স্বাক্ষরিত/-
২৯-১১-২০২১
নাসরিন বেগম
সদস্য

স্বাক্ষরিত/-
২৯-১১-২০২১
ড. এ এফ এম মনজুর কাদির
সদস্য

(বহি বাংলাদেশ ছুটিতে)
মোঃ আব্দুর রউফ
সদস্য

স্বাক্ষরিত/-
২৯-১১-২০২১
জি. এম. সালেহ উদ্দিন
সদস্য

স্বাক্ষরিত/-
২৯-১১-২০২১
মোঃ মফিজুল ইসলাম
চেয়ারপার্সন